

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৯০২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. তৃতীয় অনুচ্ছেদ - সিজদা ও তার মর্যাদা

আরবী

عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ شَيْبَةَ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ نَقْرَةِ الْغُرَابِ
وَافْتِرَاشِ السَّبْعِ وَأَنْ يُوَطِّنَ الرَّجُلُ الْمَكَانَ فِي الْمَسْجِدِ كَمَا يُوَطِّنُ الْبَعِيرُ. رَوَاهُ أَبُو
دَاوُدَ وَالنَّسَائِيُّ وَالدَّارِمِيُّ

বাংলা

৯০২-[১৬] আবদুর রহমান ইবনু শিবল (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাজদায় কাকের মতো ঠোঁকর মারতে, হিংস্র প্রাণীর মতো জমিনে হাত বিছিয়ে দিতে ও উটের মতো মসজিদের মধ্যে নিজের জন্য স্থান নির্দিষ্ট করে নিতে নিষেধ করেছেন। (আবু দাউদ, নাসায়ী ও দারিমী)[১]

ফুটনোট

[১] হাসান লিগয়রিহী : আবু দাউদ ৮৬২, নাসায়ী ১১১২, সহীহ আত্ তারগীব ৫২৩, দারিমী ১৩৬২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (نُقْرَةُ الْغُرَابِ) “কাকের ন্যায় ঠোঁকর মারা” তথা ধীরস্থিরতাকে পরিহার করা, সাজদাকে এমনভাবে হালকা করা এতটুকু সময় নিয়ে কাক যেমন খাবারের উদ্দেশ্যে তার ঠোঁটকে মাটিতে মারে।

খাত্তাবী বলেনঃ ব্যক্তি সাজদায় ধীরস্থিরতা অবলম্বন করে না তার কপালকে মাটিতে এমনভাবে রাখে বা এমনভাবে মাটিকে স্পর্শ করে যেন পাখির ঠোঁকরের মতো।

(اِفْتِرَاشِ السَّبْعِ) “হিংস্র জন্তুর ন্যায় হাতের বাহু মাটিতে বিছানো”। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করেছেনঃ সাজদাতে হাতের বাহুকে বিছাতে এবং জমিন থেকে বাহুকে উঁচু না করা যেমনিভাবে হিংস্র প্রাণী কুকুর, বাঘ ইত্যাদি বাহু বিছিয়ে দিয়ে বসে।

ইবনু হাজার আল আসকালানী বলেনঃ এভাবে নিষেধাজ্ঞার উদ্দেশ্য হলো এভাবে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় শুধুমাত্র লোক দেখানো, শুনানো ও প্রসিদ্ধতার জন্য হয়ে থাকে (সত্যিকার সালাত আদায় হয় না)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55461>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন